


# প্রথম আলো

## ইউরোপ

### আইফোন ছুড়ে ফেলে দিন, সরকারি কর্মকর্তাদের নির্দেশ মস্কোর

প্রথম আলো ডেস্ক



রাশিয়ার সরকারি কর্মকর্তাদের আইফোন ব্যবহার করতে নিষেধ করা হয়েছে। প্রতীকী ছবি : রয়টাস

যেসব সরকারি কর্মকর্তারা আইফোন ব্যবহার করেন, তাঁদের তা ফেলে দেওয়ার নির্দেশ দিয়েছে রাশিয়া সরকার। এর বদলে তাঁদের অ্যান্ড্রয়েড ফোন বা যেসব স্মার্টফোনে দেশীয় অপারেটিং সিস্টেম ব্যবহার করা হয়, তা চালানোর নির্দেশ দেওয়া হয়েছে। খবর ইনসাইডারের।

সরকারি কর্মকর্তাদের আইফোন ব্যবহার বন্ধের এই নির্দেশনা সম্পর্কে প্রথম খবর প্রকাশ করে রাশিয়ার সংবাদমাধ্যম কোমেরসান্ট। সংবাদমাধ্যমটি জানিয়েছে, আগামী ১ এপ্রিলের মধ্যে সরকারি কর্মকর্তাদের আইফোনের বদলে অন্য স্মার্টফোন ব্যবহার শুরু করতে বলেছে ক্রেমলিন। মূলত নিরাপত্তা উদ্বেগ থেকে এই নির্দেশ দেওয়া হয়েছে।

রুশ সংবাদমাধ্যম সূত্রে জানা গেছে, চলতি মাসের শুরুর দিকে মঙ্গোয় প্রযুক্তি-বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। ওই আয়োজনে সরকারি কর্মকর্তাদের আইফোন ব্যবহার না করার নির্দেশনা দেওয়া হয়। এর বদলে অ্যান্ড্রয়েড, চীনা প্রযুক্তির স্মার্টফোন কিংবা রুশ কোম্পানির তৈরি করা ‘অরোরা’ অপারেটিং সিস্টেম রয়েছে এমন স্মার্টফোন ব্যবহার করতে বলা হয়।

ওই সেমিনারে উপস্থিত ছিলেন এমন একজন ব্যক্তি সংবাদমাধ্যমকে এই তথ্য জানান। তিনি বলেন, ‘আইফোন নিয়ে নির্দেশনাটি সুস্পষ্ট ছিল। আপনার আইফোন হয় ফেলে দিন, নয়তো খেলার জন্য শিশুকে দিয়ে দিন।’

রাশিয়ার প্রেসিডেন্সিয়াল প্রশাসনের ফার্স্ট ডেপুটি হেড সেগেই কিরিয়েক্সো সরকারি কর্মকর্তাদের ১ এপ্রিল পর্যন্ত সময় বেধে দেন। জানান, এর মধ্যেই নিজেদের ব্যবহার করা আইফোন বদলে ফেলতে হবে।

গত বছরের ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে সর্বাত্মক হামলা শুরু করে রাশিয়া। এর পরপরই রাশিয়ায় সব ধরনের পণ্য বিক্রি বন্ধের ঘোষণা দেয় আইফোনের প্রস্তুতকারী মার্কিন প্রতিষ্ঠান অ্যাপল। এর পরও রুশ নাগরিকদের আইফোন ব্যবহার থেকে ফেরানো যায়নি। দেশটির অনেকেই বিভিন্ন উপায়ে হালনাগাদ সংস্করণ আইফোন-১৪ সংগ্রহ করেন।

এখন রুশ সরকারের পক্ষ থেকে সরকারি কর্মকর্তাদের আইফোন ব্যবহার বন্ধের নির্দেশ দেওয়া হল। সংবাদমাধ্যমের পক্ষ থেকে এ বিষয়ে অ্যাপলের কাছে প্রতিক্রিয়া জানতে চাওয়া হয়েছিল। তবে প্রতিক্রিয়া জানায়নি প্রযুক্তি প্রতিষ্ঠানটি।



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো